

Total No. of Printed Pages—4

4 SEM TDC BNLH (CBCS) C 9

2024

( May/June )

BENGALI

( Core )

Paper : C-9

( বাংলা অনুবাদ সাহিত্য ও লোকসাহিত্য )

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

প্রথম একক

- ১। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪
- (ক) অনুবাদের ধর্ম কী?
- (খ) উৎস ভাষা বলতে কী বোঝ?
- (গ) মধ্যযুগের একজন বাংলা অনুবাদকের নাম লেখ।
- (ঘ) পদ্ধতিগত দিক থেকে অনুবাদচর্চার যে কোনো একটি পদ্ধতির উল্লেখ কর।

- ২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫
- (ক) আক্ষরিক অনুবাদ ও ভাবানুবাদের মধ্যে পার্থক্য কোথায়, সংক্ষেপে আলোচনা কর।
- (খ) অনুবাদের প্রয়োজনীয়তা নিয়ে একটি টীকা প্রস্তুত কর।
- ৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১
- (ক) অনুবাদচর্চায় অনুবাদকের প্রতিবন্ধকতা বা সমস্যার জায়গাগুলি কোথায় তা আলোচনা কর।
- (খ) কবিতার অনুবাদ বলতে কী বোঝ? আক্ষরিক অনুবাদের সঙ্গে এই অনুবাদের পার্থক্য দেখিয়ে কবিতার অনুবাদের প্রকরণগত দুটি কৌশলের উল্লেখ কর।

### দ্বিতীয় একক

- ৪। এককথায় উত্তর দাও : ১×৬=৬
- (ক) কোন্ দেবীকে উপলক্ষ্য করে টুসু গান গাওয়া হয়?
- (খ) বৃত্তিমূলক লোকসংগীতের একটি উদাহরণ দাও।
- (গ) 'গস্তীরা' কোন্ অঞ্চলের গান?
- (ঘ) 'ঠাকুরমার ঝুলি'র রূপকথাগুলির সংগ্রাহক কে?
- (ঙ) "অজিত কুসুম দুই ভাই গলাগলি।" "নীলকমল আর লালকমল" রূপকথায় উল্লিখিত এই অজিত কে?
- (চ) ঝুমুর গানের একটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

- ৫। টীকা লেখ (যে কোনো তিনটি) : ৪×৩=১২
- বাউলগান ; টুসু ; ধাঁধা ; গীতিকা ; লোককথা।
- ৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২
- (ক) লোকসাহিত্য বলতে কী বোঝ? লোকসাহিত্যের বিভিন্ন ধারাগুলির রূপ-রীতি নিয়ে একটি আলোচনা প্রস্তুত কর।
- (খ) 'ঠাকুরমার ঝুলি'র অনুসরণে 'নীলকমল আর লালকমল' গল্পের বর্ণনা দাও।

### তৃতীয় একক

- ৭। এককথায় উত্তর দাও : ১×৬=৬
- (ক) লোকসংস্কৃতির ভিত্তিভূমি কী?
- (খ) বাংলার অতিপরিচিত একজন লোকসাহিত্যিকের নাম লেখ।
- (গ) কোন্ সংস্কৃত শব্দ থেকে 'ছড়া' শব্দটি এসেছে বলে মনে করেন লোকসাহিত্যিকরা?
- (ঘ) 'প্রবাদ'-এর একটি বৈশিষ্ট্য লেখ।
- (ঙ) "এগিয়ে দিয়ে দক্ষিণ পা যথা ইচ্ছা তথা যা।" কীসের উদাহরণ?
- (চ) লোকবিশ্বাসের একটি উদাহরণ দাও।

৮। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৪×৩=১২

(ক) বাংলা ছড়া নিয়ে একটি টীকা প্রস্তুত কর।

(খ) 'মিথ' শব্দটির বাংলা আভিধানিক অর্থ কী?  
লোকসাহিত্যে এই মিথের ব্যবহার সম্পর্কে কিছুকথা  
তুলে ধর।

(গ) লোকসাহিত্যের ক্ষেত্রে লোকভাষার গুরুত্ব কতটুকু,  
সম্পর্কে আলোচনা কর।

(ঘ) লোকাচারের কয়েকটি বৈশিষ্ট্য সম্পর্কে মতামত প্রকাশ  
কর।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) লোক-উৎসব কী? বাংলার লোক-উৎসবগুলির স্থান  
নির্দেশপূর্বক তাদের বৈশিষ্ট্যগুলি নিয়ে একটি আলোচনা  
প্রস্তুত কর।

(খ) প্রবাদ কী? বাংলা প্রবাদ ও প্রবচনের মধ্যে কী কোনো  
পার্থক্য আছে? বাংলা প্রচলিত প্রবাদগুলির স্বরূপ নিয়ে  
মতামত তুলে ধর।

\*\*\*